# উদ্যম নিবন্ধীকরণ পোর্টালে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ এবং তার উত্তর।

| প্রশ্ন সংখ্যা | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| ১। | উদ্যম নিবন্ধীকরণ কী ? | উদ্যম নিবন্ধীকরণ হল - উদ্যোগসমূহের নিবন্ধীকরণের জন্য ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ ( এমএসএমই ) মন্ত্রণালয়ের দ্বারা পুর:স্থাপিত কোন অনলাইন, সাধারণ স্বঘোষণা ভিত্তিক নিবন্ধীকরণ। এ উদ্যোক্তা স্মারকলিপি (ই.এম- ।। ) এবং উদ্যোগ আধার স্মারকলিপি ( ইউ.এ.এম ) নামে পরিচিত পূর্বতর এমএসএমই নিবন্ধীকরণের ব্যবস্থার পরিবর্তে প্রতিস্থাপিত হয়েছে। ইএম-।। এবং ইউএএম এখন আর বৈধ নয়। |
| ২। | উদ্যমের অধীনে কাকে নিবন্ধীকরণ করবার প্রয়োজন ? | পুনরীক্ষিত সংমিশ্র মানদণ্ড অনুসারে ২৬শে জুন, ২০২০ তারিখের প্রজ্ঞাপন এমও ২১১৯ (ই) অনুসারে ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগের জন্য পরিভাষিত, জনিত্রে বিনিয়োগকারী এবং যন্ত্রপাতি বা উপকরণ এবং টার্ণওভার সম্পন্ন, উৎপাদনে বা পরিষেবায় ব্যাপৃত যে কোন উদ্যোগের উদ্যম পোর্টালে নিবন্ধীকরণ করা প্রয়োজন। |
| ৩। | উদ্যম নিবন্ধীকরণ কী বাধ্যতামূলক? | হ্যাঁ, এমএসএমই মন্ত্রণালয়ের বিভিন্ন সুবিধা ও পরিকল্পসমূহের প্রাপ্তিসাধ্য করবার জন্য এমএসএমই-র জন্য উদ্যম নিবন্ধীকরণ বাধ্যতামূলক। |
| ৪। | কখন উদ্যম নিবন্ধীকরণ কার্যকর হয়েছিল ? | পূর্বেকার উদ্যোগ আধার স্মারকলিপি ( ইউএএম ) এবং উদ্যোক্তা স্মারকলিপি ( ইএম- ।। ) নিবন্ধীকরণ ব্যবস্থার পরিবর্তে উদ্যম নিবন্ধীকরণ ১লা জুলাই, ২০২০ তারিখ হইতে কার্যকর হয়েছিল। |

| | | |
|---|---|---|
| ৫। | উদ্যোগ আধার স্মারকলিপি (ইউএএম) এবং ইএম-II কী বৈধ। | উদ্যোগ আধার স্মারকলিপি এবং ইএম-II বন্ধ করে দেওয়া হয়েছে। কেবলমাত্র উদ্যম নিবন্ধকরণই কোন ক্ষুদ্র ছোট বা মাঝারী উদ্যোগের মত সুবিধা প্রাপ্তিসাধ্যের জন্য উক্ত তারিখ পর্যন্ত বৈধ। |
| ৬। | আমি কিভাবে উদ্যম নিবন্ধীকরণের জন্য আবেদন করিতে পারিব ? | এমএসএমই ভারত সরকার দ্বারা সৃজিত সরকারী উদ্যম নিবন্ধীকরণ পোর্টালের মাধ্যমে উদ্যম নিবন্ধীকরণের জন্য অনলাইনে আবেদন করতে পারবে। সরকারী উদ্যম নিবন্ধীকরণ পোর্টাল ( https// udyam registration. Govt. in )- এ করা যাইবে। প্রক্রিয়াটি খুবই সাধারণ এবং এটি উদ্যোগ ও তার মালিকানা, কোন মালিকানা স্বত্ব/অংশীদারিত্ব/কোম্পানী ইত্যাদির কিনা তৎসম্পর্কে প্রাথমিক তথ্য অনুজ্ঞাত করে। |
| ৭। | উদ্যাম নিবন্ধীকরণের জন্য কী কোন ফী লাগে ? | না, উদ্যম নিবন্ধীকরণের জন্য কোন ফী লাগে না। এটি একটি নিখরচা ও কাগজবিহীন অনলাইন ব্যবস্থা এবং এখানে কোন দস্তাবেজ আপলোডের আবশ্যকতা নেই। |
| ৮। | এমএসএমই-এর জন্য শ্রেণীবদ্ধকরণের সংমিশ্র মানদণ্ড কী ? | কোন উদ্যোগের শ্রেণী নির্ধারণের জন্য বিনিয়োগ/উপকরণ এর মূল্য এবং টার্ণওভার সমাবদ্ধ করে যায় এরূপ কোন সংমিশ্র মানদণ্ডকে জড়িত করে। যদি এর সীমা মানদণ্ড সমূহের কোন একটি মানদণ্ডে ঐ উদ্যোগের দ্বারা ছাপিয়ে যায় তাহলে ঐ উদ্যোগ পরবর্তী উচ্চতর প্রবর্গেচালিত হবে। কোন একক পিএএন-এর অধীনে জিএসটি ইন-এর সঙ্গে সত্ত্বা সমূহ শ্রেণীবদ্ধকরণের জন্য সম্মিলিতভাবে বিবেচিত হবে। |

| শ্রেণীবদ্ধকরণ | বিনিয়োগ | টার্ণওভার |
|---|---|---|
| ক্ষুদ্র | ১ | ৫ |
| ছোট | ১০ | ৫০ |
| মাঝারী | ৫০ | ২৫০ |

| | | |
|---|---|---|
| ৯। | আবেদনের পর উদ্যম নিবন্ধীকরণ পেতে কত দিন সময় লাগবে ? | ঐ উদ্যোগের দ্বারা আবেদন সফলতার সঙ্গে জমা দেবার পর উদ্যম নিবন্ধীকরণ শংসাপত্র তৎক্ষণাৎ প্রদত্ত হবে। নিবন্ধীকরণ শংসাপত্র অনলাইনে উপলব্ধ হবে এবং নিম্নে প্রদত্ত লিংকের মাধ্যমে ডাউনলোড করা যাবে। নিম্নে লিংক দেওয়া হল : https//udyam registration. Govt. in/ Udyam Login. aspx |
| ১০। | উদ্যম নিবন্ধীকরণের সুবিধা কী কী ? | সুবিধাসমূহ সরকারী পরিকল্প ভর্তুকি অগ্রাধিকার ভিত্তিক সেক্টরকে ঋণদান অকালনে অভিগমনের জন্য যোগ্যতাকে এবং জন-সংগ্রহ নীতির মত এম এস এম ই-র জন্য অন্যান্য বিভিন্ন প্রোৎসাহনকে অন্তর্ভুক্ত করে। নিম্নেলিখিত লিংকে বিশদে জানা যাবে : https//udyam registration. Govt. in/docs/ Benefits of UR. pdf. |
| ১১। | আমি কী আমার উদ্যম নিবন্ধীকরণ বাতিল করতে পারি ? | হ্যাঁ, প্রয়োজন হলে কোন ব্যক্তি উদম নিবন্ধীকরণ বাতিল করতে পারবেন। বাতিলকরণের প্রক্রিয়া পোর্টালে প্রাপ্তিসাধ্য। নিবন্ধীকরণ নিম্নলিখিত লিংকে |

| | | |
|---|---|---|
| | | গিয়ে বাতিল/সদাতন করা যাবে : https//udyam registration. Govt. in/ Udyam Login. aspx |
| ১২। | আমি উদ্যম বাতিল করণের জন্য আবেদন করেছি কিন্তু তা এখনো বিবেচনাধীন রয়েছে। | উদ্যম নিবন্ধীকরণ বাতিলকরণের জন্য কোন উদ্যোগ রাজ্যে অবস্থিত ডিসি-এমএসএমই-র কার্যালয়ের অধীন উন্নয়ন ও সহজতরকরণ কার্যালয়ের সহিত যোগাযোগ করতে পারবে। যেখানে ডিএফও ঐ বিষয়টির দ্রুত সমাধানের জন্য অবস্থিত। |
| ১৩। | ইউএএম/ইএম-এর সঙ্গে বিদ্যমান এমএসএমই-র ক্ষেত্রে উদ্যম নিবন্ধন কী প্রযোজ্য ? | হ্যাঁ, ইউএএম/ইএম-II-এর সঙ্গে বিদ্যমান এমএমএমই অগ্রাধিকার ভিত্তিক সেক্টরকে ঋণদান সমেত সরকারী পরিকল্পসমূহের সুবিধা প্রাপ্তসাধ্য করতে উদ্যম নিবন্ধীকরণের পরিগমন করবার আবশ্যকতা রয়েছে। |

| | | |
|---|---|---|
| ১৪। | বিনিয়োগ ও টার্নওভারের ওপরে হিসাব নির্ধারণ করবার পদ্ধতি কি? | বিনিয়োগ ও টার্নওভারের ওপরে হিসাব নির্ধারণের বিস্তারিত পদ্ধতি জানবার জন্য প্রজ্ঞাপন সংখ্যা এসও ২১১৯ (ই) তারিখ ২৬/০৬/২০২০ দেখা যেতে পারে। নিচের লিংকটি উল্লিখিত করা হল: https://udyamregistration.gov.in/docs/220191.pdf |
| ১৫। | বিনিয়োগ ও টার্নওভারের হিসাব নির্ধারণের ক্ষেত্রে কি জিএসটি প্রভৃতি পরোক্ষ কর অন্তর্ভুক্ত হয়? | বিনিয়োগ ও টার্নওভারের হিসাব নির্ধারণের ক্ষেত্রে জিএসটি এবং অন্যান্য পরোক্ষ করসমূহ অন্তর্ভুক্ত হয় না। |
| ১৬। | স্থিতির ক্ষেত্রে উন্নতি/ ক্রমোন্নয়নে এমএসএমই-র সুবিধা কি? | প্রজ্ঞাপন সংখ্যা এসও ৪৯২৬ (ই) তারিখ ১৮ অক্টোবর, ২০২২ অনুযায়ী কোন কারখানায় ও যন্ত্রাদিতে বা উপকরণে বা টার্নওভারে বা উভয়ত বিনিয়োগের ক্ষেত্রে উন্নয়নশীল পরিবর্তনের পরিপ্রেক্ষিতে এবং তার অনুক্রমে স্থিতির পরিবর্তন হলে একটি সংস্থা তার ক্রমোন্নয়নের তারিখ থেকে পরবর্তী তিন বৎসর সময়কাল অবধি পূর্ববর্তী অবস্থানে আছে বলে গণ্য হবে। এই নিয়ম শুধুমাত্র এমএসএমই শংসাপত্র আছে এরূপ এমএসএমই-গুলির ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রজ্ঞাপনটি নিচের লিংকে দেখা যেতে পারে: https://udyamregistration.gov.in/docs/239737.pdf |
| ১৭। | পরাগতি/ ক্রমাবনমনে এমএসএমই-র স্থিতির পরিবর্তন ঘটলে কি হবে? | কোন কারখানায় ও যন্ত্রাদিতে বা উপকরণে বা টার্নওভারে বা উভয়ত বিনিয়োগের ক্ষেত্রে বাস্তবিক পরিবর্তনের পরিণামে অবনমনশীল পরিবর্তনের পরিপ্রেক্ষিতে এবং তার অনুক্রমে সংস্থার স্থিতির পরিবর্তন ঘটলে পরবর্তী আর্থিক বৎসরের ১লা এপ্রিল তারিখ থেকে ঐ সংস্থা পরিবর্তিত স্থিতির সুবিধা ভোগ করবে। |
| ১৮। | গণ সংগ্রহের ক্ষেত্রে উদ্যম নিবন্ধীকরণ শংসাপত্র কি এমএসই-র সুযোগপ্রাপ্তিতে | এমএসই-গুলির নিজেদের সংস্থা নিবন্ধীকরণের ক্ষেত্রে উদ্যম নিবন্ধীকরণ এক-জানালা প্ল্যাটফর্মের ভূমিকা প্রতিপালন করে। একবার নিবন্ধীকৃত হলে তারা গণ সংগ্রহে অংশগ্রহণ করতে পারে, |

| | | |
|---|---|---|
| | সহায়ক হয়? | অধিমান নীতির সুবিধাগ্রহণ করতে পারে, এবং জাতির অর্থনৈতিক উন্নয়নে তাদের অবদান রাখতে পারে। গণ সংগ্রহের ক্ষেত্রে বিস্তারিত জানবার জন্য নিচের লিংকটি দেখা যেতে পারে: https://dcmsme.gov.in/FAQs-PPP 25032022.pdf |
| ১৯। | গণ সংগ্রহে অংশগ্রহণের ক্ষেত্রে কি উদ্যম নিবন্ধীকরণ কি বাধ্যতামূলক? | হ্যাঁ, এমএসই-গুলি গণ সংগ্রহে অংশগ্রহণ করতে চাইলে এবং গণ সংগ্রহ নীতির সুবিধা উপভোগ করতে চাইলে উদ্যম নিবন্ধীকরণ করা বাধ্যতামূলক। ইহা স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা নিশ্চিত করে এবং সরকারী নিয়মের সঙ্গেও সঙ্গতিপূর্ণ হয়। |

| | | |
|---|---|---|
| ২০। | গণসংগ্রহ নীতির অধীনে উদ্যম নিবন্ধীকরণের সুবিধাগুলি কি? | নিবন্ধীকৃত এমএসএমইগুলি গণসংগ্রহ নীতির অধীনে, সরকারী টেন্ডারে অগ্রাধিকার, সাগ্রহী অর্থ আমানত (ই.এম.ডি.) হতে অব্যাহতি, বিনামূল্যে টেন্ডার লেখ্য, এবং সংবিদা প্রদানে অধিমান সমেত বিবিধ সুবিধা উপভোগ করেন। |
| ২১। | এমএসএমইর শ্রেণী বিভাজনের জন্য বিভারে বিনিয়োগের উপাও ও টার্নওভার ব্যবহৃত হয়? | বিনিয়োগের ও টার্নওভারের উপাত্ত আইটি বিভাগ এবং জিএসটিএন হইতে স্বয়ংক্রিয়রূপে পূরণকৃত / আহরিত হবে। যেক্ষেত্রে রিটার্নসমূহ দাখিলকরা হয়নি, তথ্য স্বঘোষণার ভিত্তিতে গৃহীত হয়, বিস্তারিত ব্যাখ্যার জন্য, দয়া করে নিম্নলিখিত লিংটি দেখুন: এইচটিটিপিএস://উদ্যমরেজিস্ট্রেশান. জিওভি.ইন/ড কম/ক্ল্যারিফিকেশান লেটারডেট ডি ২৮ সেপ ২০২১. পিডিএফ. |
| ২২। | কেন চলতি বৎসরের জন্য আইটিআর দাখিল অনুসারে আমার এমএসএমই স্থিতি সদ্যতন করা হয়নি? | কোন আর্থিক বৎসরের জন্য, আইটি রিটার্ন দাখিলের জন্য সময়রেখা সিবিডিটি দ্বারা প্রজ্ঞাপিত হয় এবং প্রক্রিয়াকরণের জন্য আরও সময় আবশ্যক। কোম্পানী / এন্টারপ্রাইজের ক্ষেত্রে, কোন আর্থিক বৎসরের অক্টোবর বা নভেম্বরের মধ্যে হিসাবসমূহের নিরীক্ষা সমাপ্ত হয়। অনুরূপভাবে, প্রত্যেক আর্থিক বৎসরের জন্য জিএসটি রিটার্নের প্রক্রিয়া অনুসরণ করা হয়। ঐ হিমায়িত উপাত্ত পরবর্তী বৎসরে এমএসএমই নিবন্ধীকরণ ও শ্রেণীবিভাজনের জন্য বিরোচিত হয়। ঐ উপত্তির উদ্যম শংসাপত্রে প্রতিফলন হয় এবং এপিআইয়ের মাধ্যমে স্থিতি সদ্যতন করা হয়। এছাড়াও, এমএসএমইর সুবিধার জন্য সময় সময় স্ব অদ্যতন জানালা খোলা যাবে। |
| ২৩। | উদ্যম নিবন্ধী-করণের কি কোন সিদ্ধতা আছে? | উদ্যম শংসাপত্রের রদকরণ পর্যন্ত উদ্যম সিদ্ধ। এমএসএমইর মাঝারি স্থিতির বাইরে উন্নতির ক্ষেত্রে, ঐ এন্টারপ্রাইজ স্থিতির ক্ষেত্রে ক্রমোন্নয়নের তারিখ হতে তিন বৎসর পরে উদ্যম নিবন্ধীকরণের সুবিধাসমূহ প্রাপ্তির যোগ্য হবেন না। |

| | | |
|---|---|---|
| ২৪। | একটি আধার নম্বর কি একাধিক উদ্যম নিবন্ধী-করণে ব্যবহার করা যাবে? | হ্যাঁ, উদ্যম পোর্টালে নতুন নিবন্ধীকরণের ক্ষেত্রে, একটি আধার নম্বর এমএসএমইর নিবন্ধীকরণে পাঁচটি পর্যন্ত ব্যবহার করা যাবে। কোন এন্টারপ্রাইজের ইউএএম নম্বর থাকিলে এবং উদ্যম না থাকিলে, উদ্যম পোর্টালে পরিগমনের সুযোগ পাওয়া যাবে। |
| ২৫। | একটি প্যান কি একাধিক উদ্যম নিবন্ধীকরণে ব্যবহার করা যাবে? | না, শুধুমাত্র একটি এমএসএমই একটি প্যান ব্যবহার করে নিবন্ধন করতে পারবে। |

| | | |
|---|---|---|
| ২৬। | উদ্যম পোর্টালে আমার স্থিতি কবে সদ্যতন হবে? | প্রত্যেক আর্থিক বৎসরের শেষে এমএসএমই-গুলির প্যানের ভিত্তিতে তাহাদের আইটিআর/জিএসটি উপাত্ত অনুযায়ী এমএসএমই-গুলির স্থিতি সদ্যতন করা হয়ে থাকে। |
| ২৭। | আমি বিভিন্ন রাজ্যে অবস্থিত একাধিক এমএসএমই-র উদ্যোক্তা, আমি কি উদ্যম নিবন্ধীকরণ শংসাপত্রের সুবিধা পেতে পারি? | একটি প্যানের উপরে একটিমাত্র উদ্যম নিবন্ধীকরণের সুবিধা অনুমোদিত। একটি নিবন্ধীকরণ সংখ্যার উপরে একটি সংস্থার একাধিক ইউনিট থাকতে পারে। এক্ষেত্রে নির্দিষ্ট জিএম-ডিআইসি/ এমএসএমই-ডিএফও র সঙ্গে ঐ সংখ্যা সংযুক্ত থাকে, তদনুসারে সংস্থা উক্ত রাজ্যের সুবিধাগুলি উপভোগ করবার যোগ্য। |
| ২৮। | পাইকারি ও খুচরা ব্যবসায়ীগণ কি উদ্যম নিবন্ধীকরণের জন্য আবেদন করতে পারেন? | প্রজ্ঞাপন সংখ্যা ৫/২(২)/২০২১ই/পি তারিখ ০২/০৭/২০২১ অনুযায়ী খুচরা ব্যবসায়ীগণ ও পাইকারি ব্যবসায়ীগণ অনলাইনে উদ্যম নিবন্ধীকরণের জন্য আবেদন করতে পারেন। এনআইসি কোড ৪৫, ৪৬ ও ৪৭ অনুযায়ী অতিরিক্ত কার্যাবলীর তালিকা নিচে দেওয়া হল। |

| এনআইসি কোড | বিবরণ |
|---|---|
| ৪৫ | মোটরগাড়ি ও মোটরসাইকেলের সারাই ও বিক্রয়ের পাইকারি ও খুচরা ব্যবসায় |
| ৪৬ | মোটরগাড়ি ও মোটরসাইকেল ব্যতীত অন্যান্য পাইকারি ব্যবসা |
| ৪৭ | মোটরগাড়ি ও মোটরসাইকেল ব্যতীত অন্যান্য খুচরা ব্যবসা |

এই সুবিধা শুধু অধিমানী ক্ষেত্রে ঋণপ্রদানে সীমাবদ্ধ।

২৯। উদ্যম নিবন্ধীকরণে কতগুলি এনআইসি কোড সংযুক্ত করা যেতে পারে?

একটি একক উদ্যম নিবন্ধীকরণে সর্বোচ্চ ১০টি এনআইসি কোড সংযুক্ত করা যেতে পারে।

৩০। উদ্যম নিবন্ধীকরণ শংসাপত্র পাবার জন্য অত্যাবশ্যকীয় দস্তাবেজগুলি কি কি?

কোন সংস্থার পক্ষে উদ্যম পোর্টালে নিবন্ধীকরণের জন্য আধার সংখ্যা, প্যান এবং ব্যাংকের বিবরণী লাগবে।

৩১। অপর কেউ উদ্যম পোর্টালে নিবন্ধীকৃত হইবার উদ্দেশ্যে আমার আধার এবং প্যানের বিস্তারিত বর্ণনাসমূহ ব্যবহার করেছে। এখন আমি উদ্যম পোর্টালে নিবন্ধীকৃত হতে পারছি না। এর প্রতিকার কি?

যদি অপর কেউ উদ্যম পোর্টালে নিবন্ধীকৃত হইবার উদ্দেশ্যে বিস্তারিত বর্ণনাসমূহ ব্যবহার করে থাকে এবং শংসাপত্র পেয়ে গিয়ে থাকে তাহলে উক্ত সংস্থা চ্যাম্পিয়ন পোর্টালে, বিষয়টির পূর্ণাঙ্গ বিবরণী ও লেখ্যসহ অভিযোগ দায়ের করতে পারে। সংশ্লিষ্ট রাজ্যের উন্নয়ন ও সহায়তা প্রদানকারী দপ্তর, ডেভেলপমেন্ট অ্যান্ড ফেসিলিটেশন অফিস (ডিএফও)-এও দেখা করতে পারে।

৩২। কোন সংস্থার সংবিধান পরিবর্তন হলে বিদ্যমান উদ্যম শংসাপত্র কি বহাল থাকবে অথবা নূতনভাবে নিবন্ধীকরণের প্রয়োজন, পদ্ধতিটি কি?

সংস্থার সংবিধান পরিবর্তন করবার হলে, উদ্যম শংসাপত্রের জন্য নূতনভাবে অনুরোধ জমা করতে হবে। বিদ্যমান উদ্যম শংসাপত্র বাতিল হবার পরে নিবন্ধীকরণের পদ্ধতি অনুসরণ করে সংস্থার নূতন শংসাপত্র সংগ্রহ করতে হবে।

৩৩। বিলম্বিত পরিশোধ বলতে কি বোঝায়?

মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস ডেভেলপমেন্ট অ্যাক্ট, ২০০৬-এর অধ্যায় ৫-এর ১৮(১) ধারা অনুযায়ী কোন পক্ষের সঙ্গে যদি কোন ক্ষুদ্র বা ছোট শিল্পের বিলম্বিত পরিশোধ সংক্রান্ত বিবাদ উপস্থিত হয় তাহলে জোগানকারী যে রাজ্যের সেই সংশ্লিষ্ট রাজ্যের মাইক্রো অ্যান্ড স্মল এন্টারপ্রাইজ ফেসিলিটেশন কাউন্সিল (এমএসইএফসি)-তে যোগাযোগ করা যেতে পারে।

৩৪। **বিলম্বিত পরিশোধ সমস্যার সমাধান কি?**

আইন অনুযায়ী বিলম্বিত পরিশোধ সংক্রান্ত সমস্যা বিষয়ে বিবেচনা করবে এমএসইএফসি। যে রাজ্যে ঐ ক্ষুদ্র বা ছোট শিল্পটি অবস্থিত, সেই রাজ্যের/ কেন্দ্রশাসিত অঞ্চলের শিল্প-অধিকর্তা ঐ এমএসইএফসি-র সভাপতিত্ব করবেন।

৩৫। **বিলম্বিত পরিশোধের ক্ষেত্রে সংস্থা কিভাবে আবেদন করবে?**

শুধুমাত্র উদ্যম নিবন্ধীকৃত ক্ষুদ্র বা ছোট শিল্প বিলম্বিত পরিশোধের ক্ষেত্রে আবেদন করতে সক্ষম। বিলম্বিত পরিশোধের ক্ষেত্রে নিচের লিংকটি অনুসরণ করে সমাধান পোর্টালে আবেদন করা যেতে পারে: https://samadhaan.msme.gov.in/MyMsme/MSEFC/MSEFCWelcome.aspx

৩৬। **বিভিন্ন অভিযোগের ক্ষেত্রে লভ্য বিকল্পগুলি কি কি?**

১। যেকোন প্রশ্ন / অভিযোগের ক্ষেত্রে চ্যাম্পিয়ন্স পোর্টাল দেখা যেতে পারে।

২। উদ্যম বাতিলের জন্য আপনার রাজ্যের ডিসি-এমএসএমই-র অধীন ডেভেলপমেন্ট অ্যান্ড ফেসিলিটেশন অফিস (ডিএফও) এবং জেলা শিল্প কেন্দ্র বা ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টার (ডিআইসি)-তে যোগাযোগ করা যেতে পারে।

৩। যেকোন প্রতারণা/ অপব্যবহার/ অভিযোগের জন্য আপনার এমএসএমই যে জেলায় অবস্থিত সেই জেলার ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টার (ডিআইসি)-এ যোগাযোগ করতে পারেন।

৪। ইউএএম বাতিলের জন্য আধার, প্যান ইত্যাদি প্রয়োজনীয় লেখ্যাদিসহ আপনার রাজ্যের ডিসি-এমএসএমই-র অধীন ডিএফও-তে দেখা/ ইমেল করতে পারেন।

৫। উদ্যম শংসাপত্র এবং উদ্যোগ আধার স্মারকলিপিতে মোবাইল/ ইমেল ইত্যাদি পরিবর্তন/ সংশোধন করবার জন্য আপনার রাজ্যের ডিসি-এমএসএমই-র অধীন ডিএফও-তে দেখা/ যোগাযোগ করতে পারেন।

৬। আধার সত্যাখ্যানের ক্ষেত্রে প্রযুক্তিগত বিষয়ের জন্য authsupport@uidai.gov.in তে ইমেল করবেন এবং জানাবেন যে

আপনি উদ্যম রেজিস্ট্রেশন পোর্টালে আপনার আধার সত্যাখ্যাত করেছেন ও ভ্রান্তিগুলি দেখিয়ে দেবেন।

৭। প্যান নিষ্ক্রিয়করণ সংক্রান্ত বিষয়ের জন্য নিকটস্থ আয়কর নির্ধারী আধিকারিককে অনুরোধ করা যেতে পারে।